

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
(রাজস্ব শাখা)
www.dcjhenaidah.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৪০০.০০৮.৬৮.০০১.১৯-৩৩৪

তারিখ : ১২/০৯/২০১৯ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের অধিশাখা-২ (মাঠ প্রশাসন)-এর : ১৭/০৬/২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০১৬.১২.৪০৮ নং স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার গত ২৬-০৮-২০১৯ তারিখের ০৫.৪৪. ০০০০.০১২.৩৬.০৮৮.১৯-৫২(১৪) নম্বর স্মারকমূলে জেলা প্রশাসক, ঝিনাইদহ এর কার্যালয়ে রাজস্ব প্রশাসনধীন নিম্নবর্ণিত শূন্য পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে **ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে** আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	নাজির-কাম- ক্যাশিয়ার	গ্রেড-১৬, টাকা ৯৩০০-২২৪৯০/-	০৩(তিন)টি	কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	সার্টিফিকেট পেশকার		০৪(চার)টি	কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৩	সার্টিফিকেট সহকারী		০২(দুই)টি	কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৪	ক্রেডিট চেকিং-কাম- সায়রাত সহকারী		০৭(সাত)টি	কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৫	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক		০১(এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing / Data Entry ও typing সর্বনিম্ন গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি থাকতে হবে।

আবেদনের শর্তাবলী:

- ০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। প্রার্থীকে নিম্নবর্ণিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে। স্ব-হস্ত ব্যতীত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৩। সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ১৫-১০-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালে জেলা প্রশাসক, ঝিনাইদহ এর কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ এর রাজস্ব শাখা হতে অথবা জেলা তথা বাতায়নের ওয়েব সাইট www.dcjhenaidah.gov.bd এর নোটিশ বোর্ড, www.forms.gov.bd ও www.mopa.gov.bd ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।
- ০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
- ০৫। প্রার্থীর বয়সসীমা ১৫-১০-২০১৯ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৬। আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি ৫X৫ সে.মি আকারে রশ্মিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ক্যান্প সাইজের রশ্মিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।
খ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপিসহ কম্পিউটার টাইপিং এর সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।
ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র।